

শেখ হাসিনার দর্শন

“বিজ্ঞান ও প্রযুক্তি, অগ্রগতির মূল শক্তি”

সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুরুরি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

[www.nmst.gov.bd](http://www.nmst.gov.bd)

শেরে বাংলা নগর, আগারগাঁও ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৩৯.০৩.০০০০.০০৫.৩৫.০৩২.১৮.২

তারিখ: ৮ আষাঢ়, ১৪২৬

১৮ জুন ২০১৯

বিষয়: ৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের কেন্দ্রীয় বিজ্ঞান মেলা, তৃতীয় জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড এবং তৃতীয় জাতীয় বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার কেন্দ্রীয়/চুড়ান্ত আয়োজনে প্রতিযোগী প্রেরণ।

৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের চুড়ান্ত পর্যায়ের অনুষ্ঠানসমূহ আগামী ২৫/০৬/২০১৯ থেকে ২৭/০৬/২০১৯ পর্যন্ত আয়োজনের তারিখ নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যে ২৫ জুন, ২০১৯ বিজ্ঞান অলিম্পিয়াড (দুপুর ২-০০) এবং ২৬ জুন কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান বিষয়ক কুইজের চুড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে (সকাল ১০-০০টায়)। ২৫-২৭ জুন, ২০১৯ তারিখে ৩ দিন ব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হবে। ২৫ জুন তারিখ বিকাল ৩-০০ টায় আয়োজিত অনুষ্ঠান সমূহের উদ্বোধন করা হবে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন ড. হাছান মাহমুদ, এমপি, মাননীয় মন্ত্রী তথ্য মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মহোদয় উপস্থিত থাকবেন। ২৭ জুন, ২০১৯ বিকাল ৩-০০টায় এ আয়োজনের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথির বক্তব্য রাখবেন স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের অনুষ্ঠানে জেলা পর্যায়ের বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় সিনিয়র, জুনিয়র ও বিশেষ গুপ্তে ১ম স্থান অধিকারীগণ অংশগ্রহণ করবেন। একটি প্রকল্পের বিপরীতে সাধারণত ১ জন প্রতিযোগী অংশগ্রহণ করবেন তবে প্রকল্পের আকার বিবেচনায় সর্বোচ্চ ২ জনকে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। প্রত্যেক প্রকল্পের বিবরণ সম্বলিত একটি প্রতিবেদনের সফট কপি (Sutonny MJ) ফন্টে এবং হার্ড কপি জমা দিতে হবে।

কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে জুনিয়র ও সিনিয়র গুপ্ত থেকে ১ম ও ২য় স্থান অধিকারীগণ অংশগ্রহণ করবেন। এ লক্ষ্যে আগামী ২০ জুন, ২০১৯ তারিখের মধ্যে বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণকারীদের নামের তালিকা (প্রকল্পের নামসহ) নিম্ন স্বাক্ষরকারী বরাবরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। তালিকার সফট কপি dg@nmst.gov.bd বা infonmst@gmail.com তে ই-মেইলে প্রেরণ করতে হবে।

- উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক জেলা দলকে একজন গাইডের তত্ত্বাবধানে ঢাকায় প্রেরণ করতে হবে। কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় বিভাগীয় পর্যায়ে বিজয়ী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দল অংশগ্রহণ করবেন। বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় প্রত্যেক দলের সাথে একজন গাইডশিক্ষক প্রেরণ করতে হবে। মেলায় অংশগ্রহণ সংক্রান্ত যে কোন তথ্য বা যোগাযোগের জন্য নিম্নলিখিত

নম্বরে যোগাযোগ করা যেতে পারে। অংশগ্রহণকারীদের উদ্বোধনী অনুষ্ঠানের আগের দিন অর্থাৎ ২৪ জুন, ২০১৯  
তারিখ বিকাল ৩-০০টার মধ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে উপস্থিত হতে হবে।  
কেন্দ্রীয় পর্যায়ের অনুষ্ঠানে প্রতিযোগীদের অংশগ্রহণের বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য  
নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

যোগাযোগের ফোন ও সেল নম্বরঃ

- ১। জনাব সুকল্যান বাছাড়, কিউরেটর (প্রযুক্তি) ০২-৫৫০০৬৯৬১, ০১৯২৩ ৫২২ ৬৬০
- ২। জনাব নিশাত বেগম, কিউরেটর (বিজ্ঞান) ০২-৮১৮১৩২৮, ০১৮১৭ ৫০৭ ২৩১
- ৩। জনাব মোঃ আনিসুর রহমান, সহকারী কিউরেটর ০২-৫৫০০৬৯৬০, ০১৬৭৫ ১২৫ ২৬০

১৮-৬-২০১৯

মোঃ নুরুল আলম

পরিচালক (যুগ্ম সচিব)

বিতরণ :

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৩৯.০৩.০০০০.০০৫, ৩৫.০৩২.১৮.২/১(২)

তারিখ: ৮ আষাঢ় ১৪২৬  
১৮ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যালয়ে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
- ২) সচিব, সচিব মহোদয়ের দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

১৮-৬-২০১৯

মোঃ আনিসুর রহমান  
সহকারী কিউরেটর